# General Account Rules and Terms & Conditions

Individual (Single/Joint) Account

**হিসাবের সাধারণ নিয়মাবলী ও শর্তাবলী**

ব্যক্তিক (একক / যৌথ) হিসাব

Eastern Bank PLC.

# GENERAL ACCOUNT RULES একাউন্টের সাধারন নিয়মাবলী

## OPENING AN ACCOUNT
Eligibility, Interest, Fees & Charges, documentation requirements and other conditions are as per feature of the product. Bank's Customer Service Officer will explain details of the product to the customer(s) before opening of the accounts. No interest is given on the Current Accounts. The customer(s) will ask the Bank's Officer on the product features and fees & charges for different services related to operation of the account.

## WITHDRAWALS
Cash withdrawals should only be made on the printed cheque forms supplied by the Bank. The account should not be overdrawn nor should the cheques be drawn against funds in course of realization unless special arrangements have been made with the Bank. No overdrafts are allowed on Savings Accounts.

## DEPOSITS SURVIVOR
The initial minimum deposit to open an account is as per our current Tariff.

Average minimum balance as per our current Tariff should always be maintained. The Bank reserves the right to close at any time any account in which the minimum balance is not maintained, without further notification to the account holders.

## CLOSURE OF ACCOUNT
When an account is closed either by the constituents or by the Bank, the constituent is required to return all the unused cheques and cards if any to the Bank. A charge as per our prevailing Tariff will be recovered from an account holder who closes an account. The Bank reserves unequivocal right to close any unsatisfactory account as decided by the Bank at its absolute discretion.

## MINOR'S ACCOUNT
An account may be opened on behalf of a minor by his/her natural guardian or by a guardian appointed by a court of Competent Jurisdiction. Upon the minor's attaining majority, the right of the guardian to operate the account shall cease and any balance in the account will be deemed to belong exclusively to the hitherto minor who has attained majority unless he/she confirms in writing his/her intention to continue the account, further operations can not be allowed.

## CHEQUE BOOKS
1. An application for a cheque book on a Savings/ Current Account must be made on the Bank's requisition slip, duly signed by the account holder(s). Cheque Book will not be issued to a customer until and unless all the documentation considered necessary by the Bank has been provided by the account(s) holder and duly obtained by the Bank. It is the responsibility of the account holder(s) to ensure that the cheques in their possession are kept safely.
2. The Bank reserves the right to refuse issuance of cheque books on such accounts which are not maintained satisfactorily and also when an excessive number of cheques from the previous cheque book have remained unused.
3. When new cheque books are delivered to the Customer by post it will be according to the address record kept by the Bank (or by such other means as determined by the Bank). The Bank assumes no responsibility for any delay or loss caused by any mode of forwarding.
4. Undelivered cheque book will be retained by the Bank for up to 90 (Ninety) days. After 90 days undelivered cheque book will be destroyed by the Bank and necessary charges will be realised from the respective customer account as per Bank's tariff.
5. Account holders should exercise care when drawing cheques and should not draw cheques by any means which may enable a cheque to be altered in a manner which is not readily detectable.
6. The cheque will be returned unpaid if drawer's signature differs from that on record at the Bank. The same style and model of signature as per specimen given to the Bank must be adhered to.
7. The bank reserves the right to dishonor cheque(s) on reasonable ground. In the event of a cheque being returned, the Bank may realize a penalty charge for each presentation & return.
8. The customer should comply with the conditions as printed on the inside of the front cover of the issued cheque book.

### Stop Payment of the Cheque
I/we, the account holder(s), shall immediately notify the Bank if any of the cheques issued to me/ us, is lost or stolen. I understand that the Bank may in its absolute discretion, accept from me any stop cheque instructions (either orally or in writing) in cases where I have lost the relevant cheque or, in other circumstances in which it shall be allowed by law and agreed by the Bank. Should the Bank accept any such instruction from me or from some other person purporting to be me, I hereby undertake to indemnify the Bank against any loss, damage, cost (including any legal cost) or demand incurred by it as a result of, or in connection therewith. A charge as per our prevailing tariff will be recovered for recording stop payments.

### Fraud & Forgery due to Payment of Cheque
The customer must at all times exercise due care to prevent cheques from being altered or forged in a manner which may facilitate fraud. In such events, the Bank is not responsible for any loss suffered by the customer or any other person. Any loss or misuse of the cheques must be immediately reported to the Bank and confirmed in writing without any delay.

### Positive Pay
As per instruction of Bangladesh Bank on Positive Pay for clearing cheque, the account holder must inform the Bank (EBL) in writing or through Contact Center after issuance of cheque for the amount five lac and above. Otherwise, the Bank may return the cheque if presented through automated clearing house at the risk and responsibility of the account holder(s).

## GENERAL
1. A newly opened account will be activated upon accomplishment of Know Your Customer (KYC) as per the Bank's policy.
2. The Bank reserves the right to close any account without assigning any reason.
3. While an existing customer opens a new account, the Bank shall replicate necessary information of the said customer from the previous account opening form.
4. The Bank reserves the right to close any account having zero balance without transaction for one year.
5. Nomination/Succession to the amount lying to the credit of the account and/or operation thereof on the death of the person authorized to operate upon the account shall be in accordance with the rules for the purpose prescribed by the Bank from time to time and effective at the time of the claim.

### একাউন্ট খোলা
যোগ্যতা, ইন্টারেস্ট রেট/ সুদের হার, ফি ও চার্জসমুহ প্রয়োজনীয় কাগজপত্রাদি ও অন্যান্য শর্তাবলী প্রোডাক্টের বৈশিষ্ট্য অনুযায়ী প্রযোজ্য। ব্যাংক একাউন্ট খোলার পূর্বে কাস্টমার সার্ভিস অফিসার গ্রাহকের কাছে প্রোডাক্ট সম্পর্কে তথ্য প্রদান করবেন। কারেন্ট একাউন্টে কোন ইন্টারেস্ট প্রদান করা হয় না । গ্রাহকগণ ব্যাংক কর্মকর্তার কাছে একাউন্ট পরিচালনা সংক্রান্ত বিশদ তথ্য একাউন্ট সংশ্লিষ্ট বিভিন্ন সেবার জন্য প্রদেয় ফি বা চার্জ সম্পর্কে বিস্তারিত জেনে নিবেন।

### উত্তোলন
শুধুমাত্র ব্যাংক কর্তৃক সরবরাহকৃত ছাপানো চেক দ্বারা নগদ উত্তোলন করা যাবে। ব্যাংক একাউন্টে জমার অতিরিক্ত উত্তোলন বা জমার অতিরিক্ত চেক প্রদান কোনভাবেই কাম্য নয়, যদি না ব্যাংকের সাথে এ সংক্রান্ত বিশেষ কোন চুক্তি সম্পাদিত হয়ে থাকে। সেভিংস একাউন্টের বিপরীতে কোনো জমাতিরিক্ত (ওভারড্রাফট) প্রদান করা হয় না।

### ডিপোজিট সারভাইবার
একাউন্ট খোলার জন্য ন্যূনতম জমার পরিমাণ ব্যাংকের চলতি তালিকা অনুযায়ী হবে। চলতি তালিকা অনুযায়ী সবসময় একাউন্টে ন্যূনতম গড় স্থিতি (মিনিমাম এভারেজ ব্যালেন্স) রাখা উচিত। কোন একাউন্টে ন্যূনতম স্থিতি বজায় না থাকলে ব্যাংক যেকোন সময় যেকোন একাউন্ট, গ্রাহককে নোটিশ প্রদান ছাড়া বন্ধ করে দিতে পারে।

### একাউন্ট বন্ধ করা
ব্যাংক অথবা গ্রাহক কর্তৃক কোন কারনে একাউন্ট বন্ধ করা হলে গ্রাহক অবশ্যই অব্যবহৃত চেক বই, এটিএম কার্ড (যদি থাকে) ব্যাংকের নিকট ফেরত দিবে । এক্ষেত্রে ব্যাংকের প্রচলিত তালিকা অনুসারে নির্ধারিত ফি প্রযোজ্য হবে। ব্যাংক সম্পূর্ণ তার নিজের বিবেচনায় সন্তোষজনক নয় এমন একাউন্ট যে কোন সময় একক সিদ্ধান্তে বন্ধ করে দেয়ার বিশেষ অধিকার সংরক্ষন করে।

### নাবালকদের জন্য একাউন্ট
নাবালক ব্যাক্তির অভিভাবক বা আদালত দ্বারা নির্ধারিত আইনসিদ্ধ কোনো অভিভাবক, নাবালক ব্যাক্তির পক্ষে একাউন্ট খুলতে পারবে। নাবালক একাউন্টের গ্রাহক বয়ঃপ্রাপ্তির (প্রাপ্তবয়স্ক) সাথে সাথে অভিভাবকের একাউন্ট পরিচালনার অধিকার স্থগিত হবে এবং একাউন্টে স্থিত সকল অর্থের একমাত্র বৈধ অধিকারী হবে সেই নাবালক গ্রাহক যে প্রাপ্তবয়স্ক হয়েছে, যদি না সে লিখিতভাবে একাউন্ট চালিয়ে যাওয়ার ইচ্ছা ব্যাংককে প্রদান করে। অন্যথায় একাউন্টের পরবর্তী কার্যক্রম স্থগিত থাকবে।

### চেক বই
১. গ্রাহকের স্বাক্ষরকৃত ব্যাংকের রিকুইজিশন স্লিপে কারেন্ট/ সেভিংস একাউন্টের চেকবই এর জন্য আবেদন করতে হবে। ব্যাংক প্রয়োজনীয় মনে করে এমন সব প্রয়োজনীয় তথ্য ও কাগজপত্র একাউন্টহোল্ডার কর্তৃক প্রদান না করা পর্যন্ত ব্যাংক গ্রাহকের নামে কোনো চেকবই ইস্যু করবে না। চেকবই নিজ হেফাজতে রাখার দায়িত্ব গ্রাহকের।

২. কোনো গ্রাহকের একাউন্ট সন্তোষজনকভাবে পরিচালিত না হলে বা পূর্বে ইস্যু করা চেক বইয়ের অধিকাংশ পাতা অব্যবহৃত থাকলে ব্যাংক সেই গ্রাহককে চেক বই ইস্যু না করার অধিকার সংরক্ষন করে।

৩. গ্রাহকের কাছে ডাকযোগে চেকবই পাঠানো হলে ব্যাংকের কাছে রক্ষিত গ্রাহকের ঠিকানা অনুযায়ী তা পাঠানো হবে (অথবা অন্য কোন উপায়ে প্রাপ্ত ঠিকানা যা ব্যাংক কর্তৃক নির্ধারিত হবে)। তবে উক্ত উপায়ে পাঠানো চেকবই হারানো বা বিলম্বে প্রাপ্তির জন্য ব্যাংক কর্তৃপক্ষ দায়ী হবে না।

৪. অবিলিকৃত চেকবই সর্বোচ্চ ৯০ দিন পর্যন্ত ব্যাংক হেফাজতে রাখা হবে। ৯০ দিন পর এধরণের অবিলিকৃত চেকবই ব্যাংক নষ্ট করে ফেলবে এবং প্রচলিত তালিকা অনুযায়ী সংশ্লিষ্ট একাউন্ট হতে প্রযোজ্য চার্জ আদায় করা হবে।

৫. চেক কাটার সময় একাউন্টহোল্ডারকে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে। চেক কাটার সময় খেয়াল রাখতে হবে যাতে চেকে কেউ কোনো পরিবর্তন করতে না পারে। আর পরিবর্তন করলেও তা যেন চোখে পড়ে।

৬. ব্যাংকে রক্ষিত একাউন্টহোল্ডারের নমুনা স্বাক্ষরের সঙ্গে চেকবইয়ে স্বাক্ষরের কোনো গরমিল হলে,চেক ফেরত পাঠানো হবে। ব্যাংকে রক্ষিত নমুনা স্বাক্ষরের সঙ্গে মিল রেখে একাউন্টহোল্ডারকে সবসময় স্বাক্ষর করতে হবে।

৭. গ্রহণযোগ্য নির্দিষ্ট কারণ স্বাপেক্ষে ব্যাংক চেক ফেরত পাঠানোর অধিকার রাখে। কোন কারণে চেক ফেরত পাঠানো হলে ব্যাংক নিয়মানুযায়ী প্রতিবার ফেরতের জন্য নির্দিষ্ট চার্জ কেটে রাখবে।

৮. একাউন্টহোল্ডারকে ইস্যু করা চেকবই কাভারের ভিতরের পাতায় লিখিত শর্তাবলী গ্রাহক/ একাউন্টহোল্ডারকে মেনে চলতে হবে।

### চেক পেমেন্ট স্থগিতাদেশ
আমি অবগত যে, চেক হারানোর ক্ষেত্রে অথবা অন্যান্য আইনসিদ্ধ ও ব্যাংক কর্তৃক স্বীকৃত অবস্থায় ব্যাংক তার সম্পূর্ণ নিজ বিবেচনায় আমার দ্বারা মৌখিক বা লিখিতভাবে দেয়া চেক স্থগিতের নির্দেশ গ্রহণ করবে। সেক্ষেত্রে আমার বা আমার প্রতিনিধির দ্বারা নির্দেশপ্রাপ্ত হয়ে চেক স্থগিত সংক্রান্ত কোন নির্দেশ গ্রহণ করার ফলে উদ্ভুত কোন ক্ষতি, লোকসান, খরচ (আইন খরচ সহ) আমি ব্যাংককে প্রদান করতে বাধ্য থাকবো। এবং এক্ষেত্রে ব্যাংক কোনভাবে দায়বদ্ধ হবে না। চেক স্থগিতাদেশের ক্ষেত্রে ব্যাংকের প্রচলিত তালিকা অনুযায়ী চার্জ প্রযোজ্য হবে।

### চেক বা চেক প্রদানের ফলে জালিয়াতি
চেকে কোনো ঘষামাজা বা চেক দ্বারা জালিয়াতি, প্রতারণা প্রতিরোধে গ্রাহক বিশেষ সর্তক দৃষ্টি রাখবেন। এক্ষেত্রে জালিয়াতি বা প্রতারণার ফলে গ্রাহক বা অন্য কেহ ক্ষতিগ্রস্থ হলে তার জন্য কোনো অবস্থাতেই ব্যাংক দায়ী হবে না। কোন চেক হারানো গেলে বা কোন চেকের অপব্যবহার হলে গ্রাহক বিন্দুমাত্র সময় নষ্ট না করে সাথে সাথে তা ব্যাংককে লিখিতভাবে অবহিত করবেন।

### পজিটিভ পে
ক্লিয়ারিং চেকের পজিটিভ পে সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের নির্দেশ অনুযায়ী গ্রাহক কাউকে ৫ লক্ষ টাকার উর্ধ্বে চেক প্রদান করলে অবশ্যই লিখিতভাবে বা কনট্যাক্ট সেন্টারে যোগাযোগ করে ব্যাংক-কে অবহিত করবেন। অন্যথায় অটোমেটেড ক্লিয়ারিং হাউসের মাধ্যমে চেক দাখিল করা হলে ব্যাংক একাউন্ট হোল্ডার/হোল্ডারদের নিজ দায়িত্ব ও ঝুঁকিতে তা ফেরত পাঠাতে পারে ।

### সাধারন নিয়মাবলী
১. ব্যাংকের নীতি অনুযায়ী কেওয়াইসি প্রসিডিউর সম্পূর্ণ সম্পন্ন হওয়ার পর একাউন্ট চালু করা হবে।

২. কোনো কারণ উল্লেখ না করে ব্যাংক যে কোন সময় একাউন্ট বন্ধ করার অধিকার সংরক্ষণ করে।

৩. ব্যাংকের বর্তমান কোনো গ্রাহক নতুন কোনো একাউন্ট খোলার ক্ষেত্রে ব্যাংক, গ্রাহকের পুরোনো ফরম থেকে তথ্য সংগ্রহ করতে পারবে।

৪. ব্যাংক শুণ্য স্থিতি সম্পন্ন একাউন্টে ১ (এক) বছর বা তার অধিক সময়ের জন্য কোন লেনদেন না হলে উক্ত হিসাব বন্ধ করার অধিকার সংরক্ষণ করে।

৫. গ্রাহকের মৃত্যুতে একাউন্টের উত্তরাধিকার নির্ধারণ, একাউন্টে গচ্ছিত টাকার প্রকৃত মালিক নির্ধারণ এবং উক্ত একাউন্টের পরিচালনা, দাবীকালীন সময় প্রচলিত এবং সংশ্লিষ্ট বিষয়ে সময়ে সময়ে ব্যাংক কর্তৃক নির্ধারত নিয়ম অনুযায়ী নির্ধারিত হবে।

6. Statements of account are issued based on product feature Monthly/Quarterly/ half yearly/ Yearly and/or when a statement sheet is completed in case of Current/Savings Accounts respectively. If statements are requested in frequencies higher than the above a charge will be levied as per our current Tariff.
7. Duplicate statements of past transactions are issued against payment of charges as per our current Tariff.
8. For joint accounts, all statements are addressed to the first named party.
9. Accounts upon which an attachment order or other legal notice prohibiting operation of the account has been received will be ruled off and no further operation will be allowed till such time as the prohibiting order is removed.
10. Customer transactions will be entertained during normal banking hours that may be in force from time to time.
11. Account holders should notify the Bank of any change of address in writing. Otherwise, Bank will not be liable for delivering account statement/Bank communication to the recorded address of the account holder.
12. Each account will be allocated a distinct number which should be quoted by depositor(s) when writing to the Bank or when making deposit, etc.
13. The Bank may without notice combine or consolidate account(s) with any liabilities to the bank and set-off or transfer any sum(s) standing to the credit of such accounts or any other suit(s) owing to the customer from the bank in or towards satisfaction or the customer's liabilities to the Bank on any other respect whether such liabilities be actual or contingent, primary or collateral and several or joint.
14. In addition to any general lien or other rights or remedıes to which the Bank shall be entitled, the Bank may at any and from time to time apply any credit balance to which the customer(s) is/are entitled on any account(s) with the Bank (including the above account(s)) in satisfaction of any of its indebtedness to the Bank. Further, any of the account(s) of the Customer(s) with any branch of the Bank shall be treated as one combined account.
15. Operations of the Non-Resident accounts shall be governed as per the guidelines of Bangladesh Bank. Holders of Non-Resident accounts should advise the Bank immediately upon return to Bangladesh if they intend to take permanent residence in Bangladesh. It is also responsibility of the customer to inform the Bank in writing before leaving country.
16. The Bank reserves the right to amend the terms and conditions, current Tariff without any notice.
17. The account holder is solely responsible for prompt examination of all entries in the statement and must give the Bank written notice within 14 days of the date of the relevant statement of any discrepancy that he believes exists between any such statement and his own records. In the absence of any such notice from the Account holder, he/she will be deemed to have agreed and certified conclusively (for all purposes) the correctness of the relevant statement of account.
18. The Bank may refuse to process any transaction on any customers' account(s) if the Bank suspects fraud or illegality therein. The Banks' decision on whether the transaction is or likely to be involved a fraud or irregularity shall be final and conclusive and binding on the customer.
19. In the event of the death of one or more customer(s) in joint account, the right of the survivor(s) to operate the account will be ceased unless appropriate order is received from a court of competent jurisdiction (if applicable) for operation of accounts.
20. The Bank will not execute any customer transaction over phone, fax and e-mail (unless standard indemnity arrangements are already in place).

**Collection of Cheque / Draft / Pay Orders**

The Bank will refuse to accept an instrument for deposit through collection or internal transfer if the payee's name is not identical to the name of the customer in the Bank's record. The Bank acts as the collection agent and assumes no responsibility for the realization of any instrument deposited with the Bank for collection. Thus, proceeds of the cheques or other instruments deposited are not available for withdrawal until collected by the Bank.

**Reversal of wrongly credited amount:**

The Bank reserves the right to debit any account that may have been inadvertently credited with an item / transaction subsequently unpaid on collection or detected to be the wrong entry without giving any information to the customer.

**Dormancy & Unclaimed Account**

1. Current Accounts being inoperative for one year will be transferred to Dormant status.
2. Savings Accounts being inoperative for two years will be transferred to Dormant Status.
3. As per Section 35 of Bank Company Act 1991, if there is no transaction/contact for 10 years the amount will be treated as "unclaimed". Subsequently the "unclaimed" deposits will be transferred to Bangladesh Bank according to the relevant section of the Act.
4. No customers' initiated transaction is allowed in the Dormant account unless the account holder(s) apply to EBL in writing to regularize the status of account.

**JOINT ACCOUNTS:**

a) Each of us (if more than one) hereby authorize and empowers each other to endorse for deposit and to deposit with the Bank any and all cheques, notes or other instruments for the payment of money, payable to or purporting to belong to anyone or all of us and if any such instruments be received by the Bank without having been so endorsed then the Bank is hereby authorized to endorse any such instrument on behalf of us and to credit the same to the account.
b) An overdraft or other obligations incurred on the account or otherwise shall be the joint and several liability of each and every joint account holder. In the event of the death or legal disability of any of the individuals constituting the account holder, the other individual(s) shall immediately (but in any event not later than ten (10) days after such death or disability) and before affecting any transactions in the account, notify the Bank of such death or legal disability.
c) Each of us authorize the Bank to hold, on the death of either of us, any credit balance on any account in our joint name and any securities deeds, boxes and parcels and their contents and property of any description held in our joint names, to the order of the survivor (if any). Each of us hereby agree that the instructions given by us in the mandate are to remain in force until written revocations thereof by us or either of us.
d) In the event that there is no survivor and nomination is made, the terms and conditions stated in clause e on "nominee" shall apply.
e) In the event that there is no survivor or nominee, that account will then be frozen until the legal successor to the deceased or disabled individual is appointed/determined by the relevant court or department.

৬. একাউন্টের ধরণ অনুযায়ী চলতি/সঞ্চয়ী হিসাবের জন্য মাসিক/ ত্রৈমাসিক/ ষান্মাসিক/ বার্ষিক ভাবে একাউন্ট স্টেইটমেন্ট প্রদান করা হবে। এর বাইরে গ্রাহক অতিরিক্ত স্টেইটমেন্টের জন্য অনুরোধ করলে বর্তমান তালিকা অনুযায়ী নির্ধারিত ফি প্রযোজ্য হবে।

৭. প্রচলিত তালিকা অনুসারে চার্জ প্রদান সাপেক্ষে পূর্ববর্তী লেনদেনের ডুপ্লিকেট বিবরণী (স্টেইটমেন্ট) প্রদান করা হবে।

৮. যৌথ একাউন্টের ক্ষেত্রে, সকল বিবরণীতে (স্টেইটমেন্টে), যার নাম আগে থাকবে তাকে পাঠানো হবে।

৯. কোন একাউন্টের কার্যক্রম বন্ধ রাখতে আদালত যদি নির্দেশ প্রদান করে তাহলে উক্ত একাউন্টের কার্যক্রম বন্ধ রাখা হবে। উক্ত নির্দেশ তুলে না নেওয়া পর্যন্ত উক্ত একাউন্টে লেনদেন বন্ধ থাকবে।

১০. লেনেদেনের সাধারণ সময়সূচী অনুযায়ী গ্রাহক ব্যাংক লেনদেন করতে পারবেন, যা সময়ে সময়ে পরিবর্তন হতে পারে।

১১. ঠিকানার যেকোন ধরনের পরিবর্তন হলে গ্রাহক তা ব্যাংককে লিখিতভাবে জানাবেন । অন্যথায় ব্যাংকের কাছে রক্ষিত গ্রাহকের ঠিকানা অনুযায়ী একাউন্ট স্টেইটমেন্ট/ব্যাংকের অন্যান্য যোগাযোগপত্র পাঠানো হলে তার জন্য ব্যাংককে দায়ী করা যাবে না।

১২. প্রত্যেক গ্রাহককে একটি অনন্য নম্বর প্রদান করা হবে যা অর্থ জমাদানকারী ব্যাংকে অর্থ জমা দেয়ার সময় অথবা অন্যান্য লিখিত নির্দেশনা প্রদানের সময় গ্রাহক উল্লেখ করবেন।

১৩. ব্যাংক গ্রাহককে কোন নোটিশ প্রদান ছাড়াই গ্রাহকের কোন লোন/ দায়ের বিপরীতে ব্যাংকে গ্রাহকের কোন একাউন্টে স্থিত যে কোন পরিমাণ অর্থ উক্ত লোন/ দায়ের বিপরীতে, বা এদ্বতসংক্রান্ত কোন মামলার খরচের জন্য স্থানান্তর বা সমন্বয় করতে পারে। ব্যাংকের সাথে গ্রাহকের এ দায় প্রকৃত/ সম্ভাব্য, প্রাথমিক, বন্ধকী একক/ যৌথ যাই হোক না কেন ব্যাংক তা গ্রাহকের একাউন্টের সাথে সমন্বয় করার অধিকার রাখে।

১৪. ব্যাংক যে কোন সময় এবং সময়ে সময়ে চাওয়া মাত্র ব্যাংকের প্রাপ্য কোন সাধারণ লিয়েন বা অন্য কোন অধিকার বা প্রতিকারের উপর গ্রাহকের **একাউন্ট** হতে ব্যাংকের পূর্ণ সন্তুষ্টির স্বার্থে প্রয়োজনীয় দায়, যার উপর গ্রাহকের অধিকার রয়েছে (উপরোক্ত **একাউন্ট** সমূহ) হতে কেটে নিতে পারবে । অত্র ব্যাংকের যে কোন শাখায় রক্ষিত গ্রাহকের **একাউন্ট** সমূহ একটি 'সংযুক্ত **একাউন্ট**' হিসাবে গণ্য করা হবে ।

১৫. প্রবাসী গ্রাহকের একাউন্ট বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী পরিচালিত হবে। প্রবাসী গ্রাহক যদি স্থায়ীভাবে বসবাসের উদ্দেশ্যে দেশে ফিরে আসেন তাহলে তা সাথে সাথে বাংককে জানাবেন। দেশ ত্যাগের পূর্বে লিখিতভাবে ব্যাংককে জানানোও প্রবাসী গ্রাহকের দায়িত্ব।

১৬. ব্যাংক কোন রকম নোটিশ প্রদান ছাড়াই যেকোন শর্ত, ফি বা চার্জ পরিবর্তন করতে পারে।

১৭. একাউন্ট স্টেইটমেন্ট-এর সকল লেনদেনের যথার্থতা যাচাই করার দায়িত্ব একাউন্টহোল্ডার-এর। গ্রাহকের জানামতে স্টেইটমেন্টে উল্লেখিত তথ্যের সাথে গ্রাহক দ্বিমত পোষন করলে অবশ্যই ব্যাংককে সংশ্লিষ্ট একাউন্ট স্টেইটমেন্ট পাওয়ার ১৪ দিনের মধ্যে লিখিতভাবে জানাতে হবে। গ্রাহকের নিকট হতে এ জাতীয় কোনো অভিযোগ পাওয়া না গেলে বিবরণীতে (স্টেইটমেন্টে) দেয়া সকল তথ্য সঠিক এবং গ্রাহক কর্তৃক তা গৃহীত হয়েছে বলে বিবেচিত হবে।

১৮. ব্যাংক যেকোন সময় যেকোন গ্রাহকের একাউন্টে কোন লেনদেন করতে অস্বীকৃতি জানাতে পারে যদি ব্যাংকের বিবেচনায় ঐ লেনদেন জালিয়াতি বা বে-আইনী বলে বিবেচিত হয়। লেনদেনের যথার্থতার বিষয়ে ব্যাংকের সিদ্ধান্ত চুড়ান্ত এবং গ্রাহক তা মেনে চলতে বাধ্য।

১৯. যৌথ একাউন্টের এক বা একাধিক গ্রাহকের মৃত্যুতে আদালত হতে যথাযথ নির্দেশনা (প্রযোজ্য ক্ষেত্রে) না আসা পর্যন্ত অপর পক্ষের একাউন্ট পরিচালনার ক্ষমতা বন্ধ থাকবে।

২০. টেলিফোন, ফ্যাক্স বা ইমেইলের মাধ্যমে ব্যাংক কোনো লেনদেন সম্পন্ন করবে না। (যদি না এ বিষয়ক কোনো দায়মুক্তি চুক্তি গ্রাহক ও ব্যাংকের মধ্যে সম্পন্ন হয়ে থাকে)।

**চেক/ড্রাফট/পে অর্ডার কালেকশন**

ব্যাংকের নথিতে গ্রাহকের নামের সাথে অভ্যন্তরীণ হস্তান্তর বা সংগ্রহের নিমিত্তে গৃহিত ইন্সট্রুমেন্টের নামের মধ্যে অমিল থাকলে ব্যাংক ঐ ডিপোজিট ইনস্ট্রুমেন্ট গ্রহণ করবে না। ব্যাংকের কাজ শুধুমাত্র কালেকশন এজেন্ট হিসাবে কাজ করা এবং এক্ষেত্রে কালেকশনের জন্য জমা দেয়া কোনো ডিপোজিট ইনস্ট্রুমেন্টের বিপরীতে অর্থের প্রাপ্যতা নিশ্চিত করা ব্যাংকের দায়িত্ব নয়। কালেকশন চেকের অর্থ ব্যাংক সংগ্রহ না করা পর্যন্ত গ্রাহক তার হিসাব থেকে উক্ত অর্থ উত্তোলন করতে পারবেন না।

**ভুলক্রমে ক্রেডিট হওয়া অর্থ ডেবিট করা**

ভুলক্রমে কোনো গ্রাহকের হিসাবে ক্রেডিট হওয়া অর্থ সনাক্ত হওয়া মাত্র যেকোনো সময় ব্যাংক সংশ্লিস্ট গ্রাহকের হিসাব হতে ডেবিট করে নিতে পারবে। এক্ষেত্রে গ্রাহককে তা জানাতে ব্যাংক বাধ্য নয়।

**নিষ্ক্রিয় বা অদাবীকৃত হিসাব**

১. কারেন্ট একাউন্টে লেনদেন ১ (এক) বছর বন্ধ থাকলে তা সুপ্ত (ডরমেন্ট) হিসাব বলে গণ্য হবে

২. সেভিংস একাউন্টে ২ (দুই) বছর লেনদেন না হলে তা সুপ্ত হিসাব বলে গণ্য হবে।

৩. কোন হিসাবে ১০ বছর পর্যন্ত লেনদেন বা যোগাযোগ করা না হলে উক্ত আমানত ব্যাংক কোম্পানী আইন ১৯৯১ এর ৩৫ ধার বলে "অদাবীকৃত" আমানত সংশ্লিষ্ট বিধি মোতাবেক বাংলাদেশ ব্যাংকে জমা করা হবে।

৪. গ্রাহকের একাউন্ট নিয়মিতকরনের লিখিত আবেদন ছাড়া, সুপ্ত (ডরমেন্ট) একাউন্টে কোন ধরনের লেনেদেন গ্রহণযোগ্য হবে না।

**যৌথ একাউন্ট**

ক. আমরা প্রত্যেকে এইমর্মে পরস্পরকে অনুমোদন বা ক্ষমতা দিচ্ছি যে, আমরা আমাদের একাউন্টে নগদ টাকা বা চেক, নোট বা অর্থ প্রদানের জন্য আমাদের একক বা যৌথ নামে যেকোন ইনস্ট্রুমেন্ট ব্যাংকের হস্তগত হলে তা আমাদের পক্ষে আমাদের একাউন্টে জমা দেওয়ার জন্যও আমার ব্যাংককে ক্ষমতা প্রদান করছি।

খ. একাউন্টে জমার অতিরিক্ত উত্তোলন বা অন্য কোনো দায়বদ্ধতার জন্য একাউন্টহোল্ডারগণ প্রত্যেকে একক অথবা যৌথভাবে দায়ী থাকবেন। মৃত্যু বা আইনগত কারণে যদি কোন একাউন্টহোল্ডার (গণ) হিসাব পরিচালনায় অক্ষম হন, তাহলে অন্য একাউন্টহোল্ডার অনতিবিলম্বে (যা কোনক্রমেই মৃত্যু বা অক্ষমতার ১০ দিনের বেশী হতে পারবে না।) এবং উক্ত একাউন্টে কোনো লেনদেন হওয়ার পূর্বেই ব্যাংককে এই মর্মে অবহিত করবেন যে মৃত্যু বা আইনগত কারণে অপর একাউন্টহোল্ডার (গণ) একাউন্ট পরিচালনায় অক্ষম।

গ. আমরা প্রত্যেকে এইমর্মে ব্যাংককে পূর্ন ক্ষমতা দিচ্ছি যে, আমাদের কারও মৃত্যুতে ব্যাংকের একাউন্টে গচ্ছি ত অর্থ এবং কোনো চুক্তিনামা, বক্স বা পার্সেল এবং উক্ত বক্স বা পার্সেলে রক্ষিত জিনিসপত্র এবং যৌথ নামে থাকা সম্পত্তি, ব্যাংক তার নিজের জিম্মায় রেখে উত্তরাধিকারীদের (যদি থেকে থাকে) দাবী অনুযায়ী বন্টন করবে। আমরা প্রত্যেকে এ বিষয়ে একমত যে, আমরা আদেশপত্রে (মেনডেট) যেই নির্দেশনা দিয়েছি সেটা আমার বা আমাদের লিখিতভাবে রদ/ বাতিল না করা পর্যন্ত বলবৎ থাকবে।

ঘ. যেক্ষেত্রে নমিনি এবং উত্তরাধিকারী মনোনীত থাকবেনা, সেক্ষেত্রে অনুচ্ছেদ ৫-এ বর্ণিত "নমিনি" সংক্রান্ত নিয়ম প্রযোজ্য হবে।

ঙ. একাউন্টে কোন উত্তরাধিকারী নমিনি উল্লেখ না থাকলে, ঐ মৃত বা অক্ষম ব্যক্তির পক্ষে যতক্ষন পর্যন্ত না সংশ্লিষ্ট আদালত/ দপ্তর কর্তৃক আইনগতভাবে বৈধ কোন উত্তরাধিকারী নিযুক্ত/ নির্ধারিত না হবে ততক্ষণ পর্যন্ত ঐ একাউন্ট-এ সকল কার্যক্রম স্থগিত থাকবে।

**SHORT NOTICE DEPOSIT:**
7 days prior notice is required to withdraw fund. The rate of interest on Short Notice Deposit is subject to change from time to time.

**OVERDRAWN ACCOUNT**
If for whatever reasons the Account has any unauthorized debit balance, the Customer shall pay interest and other Charges in accordance with the Bank's prevalent rate and practice and shall regularize the Account on the same day, unless the Bank specifically makes an exception.

**Hold Mail Service**

a) If I request this service, the Bank will hold all mails, addressed to me for a maximum period of 3 months from receipt and such mails will be deemed to have been received by me. I will collect any mail so held personally or through an authorized person, unless I advise you to the contrary in writing. The Bank is authorized to charge a reasonable fee for this service and to hold, open and/ or handle all such mails in such manner as the bank deems fit. If fails to collect any such mails the Bank may destroy it in accordance to Bank's policy and in doing so the Bank shall be discharged from all responsibilities or liabilities.
b) Notwithstanding that until I have collected any mail, although I may not have the knowledge of the contents of the mail which may have legal consequences or affect my rights with the Bank, I shall bear the risks of any such consequences.
c) My ignorance of the contents of any mail being held by the bank is not, and will not, be a defense to the Bank's claims for all purposes and in all courts or law whether before or after termination of my account relationship with the Bank.

**HOLIDAY PROCESSING**
Any transaction on a Bank Holiday or after Business Hours of the Bank shall be shown in the Account, at the sole discretion of the Bank, as having taken place on the succeeding Working Day and not the actual day of the transaction and all deductions/accretions on such amount shall be deducted / accrued as of such Working Day. Bank shall not be responsible for any loss of interest or exchange rate or liability incurred/suffered by the Customer including but not limited to return of cheques, loss of interest arising due to such transaction being not shown on the day the same actually occurred.

**Confidentiality and Disclosure of Information**
Whilst the Bank maintains strict confidentiality in all matters relating to my account (s) and business, I hereby authorize the Bank (and/or/ any of its officers of employees) to disclose any information concerning me, my business, my accounts held with the Bank or another Group Member, or my relationship with the Bank or another Group Member, to any of the following. (a) any office or branch of the Bank or another Group Member; (b) any agent, contractor or third party service provider, or any professional adviser of the Bank or another Group member; (c) any regulatory , supervisory, governmental or quasi-governmental authority with jurisdiction over the Bank or another Group Member; (d) any person to whom the Bank is required or authorized by law or court order to make such disclosure, (e) any person who is under a duty of confidentiality to the Bank;(f) any Bank or financial institution with which I have or proposes to have dealings; regardless of whether the recipient in each case is located in Bangladesh or in another country, and regardless of whether such information will, following disclosure be held, processed used or disclosed by such recipient in Bangladesh or another country.

**Indemnity**
I also agree to fully indemnify the Bank against all costs and expenses (including legal fees) arising in any way in connection with the above accounts, these terms and conditions or, in enforcing these terms and conditions and in recovering of any amount due to the Bank of incurred by the Bank in any legal proceedings of whatever nature.

**Waiver**
No forbearance, negligence or waiver by the Bank in the enforcement of any of these terms and conditions shall prejudice the Bank's right thereafter to strictly enforce the same. No waiver by the Bank shall be effective unless it is in writing.

**Variations**
The Bank may amend these terms and conditions at any time by not less than fourteen (14) days notice to me specifying the effective date of amendment. If I use any banking facilities after the effective date of the amendment, I shall be deemed to have received notice of the amendment and have decided to continue using the Banking facilities upon the revised terms and conditions. I further acknowledge that in the event of any changes being communicated to me, the Bank is not obliged to obtain my signature for receipt of such communication.

**Notice**
Save as otherwise provided in these terms and conditions, any demand or communication made by the Bank under these terms and conditions shall be in writing and made at the address given by me (or such other addresses as I shall notify the Bank from time to time) and, if posted, shall be deemed to have been served on me on the date of posting.

**FORCE MAJEURE / TECHNICAL PROBLEM**
Notwithstanding anything to the contrary contained herein, nothing herein shall apply if the Bank is prevented from discharging any or all of its obligation herein or otherwise due to any cause arising out of or related to Force Majeure or Technical Problem for any reasons beyond the reasonable control of the Bank.

**Governing Law**
These terms and conditions shall be governed by and construed in accordance with, the laws of Bangladesh and I hereby irrevocably submit to the non-exclusive jurisdiction of the courts of law of Bangladesh. Such submission shall, however, not prejudice the rights of the Bank to bring proceedings against me in any other jurisdiction or courts of law elsewhere. However, all accounts shall be subject to the provisions of the guidelines/circulars together with any alteration/ modification thereto effected by Bangladesh Bank from time to time.

**E-Statement**

1. I/ we fully understand the risk and accept that the Bank does not use encrypted e-mail and generally internet is not encrypted and is not a secure means of transmission of the information. It involves the risk of unauthorized alteration, usage and disclosure of the Information by the parties;



**স্বল্প নোটিশের আমানত (ডিপোজিট)**
তহবিল উত্তোলনের জন্য ৭ দিনের অগ্রিম নোটিশ দিতে হবে। স্বল্প নোটিশ আমানতের সুদের হার সময়ে সময়ে পরিবর্তনযোগ্য।

**জমাতিরিক্ত হিসাব**
যে কোনো কারণে একাউন্ট থেকে কোনো অনঅনুমোদিত উত্তোলন হলে গ্রাহক ব্যাংকের প্রচলিত ইন্টারেস্ট হার এবং নিয়মানুযায়ী ইন্টারেস্ট বা চার্জ প্রদান করবে এবং ঐ দিনের মধ্যেই তার একাউন্ট সমন্বয় করবে, যদি না ব্যাংক কোনো বিশেষ ছাড় প্রদান করে থাকে।

**স্থগিত (Hold) মেইল সংরক্ষন সংক্রান্ত সেবা**

ক. আমি যদি এই সেবার জন্য ব্যাংককে অনুরোধ করি তাহলে এ ধরণের মেইল ব্যাংক সর্বোচ্চ ৩ মাসের জন্য সংরক্ষন করবে এবং সমস্ত মেইল আমার দ্বারা গৃহীত হয়েছে বলে গণ্য হবে। ঐ সমস্ত সংরক্ষিত মেইল আমি ব্যক্তিগতভাবে বা আমার দ্বারা নিযুক্ত কোনো ব্যক্তির মাধ্যমে সংগ্রহ করবো যদি না আমার দ্বারা অন্য কোন লিখিত নির্দেশনা প্রদান করা হয়। এ সেবার জন্য ব্যাংক গ্রহনযোগ্য মাত্রায় ফি ধার্য্য করবে এবং সমস্ত মেইল সংরক্ষন, খোলা বা সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য ব্যাংক সঠিক মনে করে এমন পদ্ধতি অবলম্বন করবে। যদি কোন মেইল সঠিক সময়ে সংগৃহীত না হয়, তাহলে তা ব্যাংকের নিজস্ব নিয়ম অনুযায়ী নষ্ট করতে পারবে। ব্যাংক আমার নিকট ফেরত এবং এ সংক্রান্ত সকল কার্যকলাপের জন্য ব্যাংক সকল দায়িত্ব এবং দায়বদ্ধতা থেকে অব্যহতি প্রাপ্ত হবে।

খ. উপরন্তু, উক্ত স্থগিত মেইল সংগৃহীত না হওয়া পর্যন্ত, মেইলের বিষয়বস্তু সম্পর্কে অজ্ঞতার কারণে যদি কোন আইনগত পরিণতির উদ্ভব হয় বা ব্যাংকের সাথে আমার অধিকার খর্ব হয়, সেক্ষেত্রে যে কোন উদ্ভুত পরিণতির ঝুঁকি আমি বহন করব।

গ. মেইল স্থগিত করার কারণে কোন মেইলের বিষয়বস্তু সম্পর্কে আমার অজ্ঞতাকে আমি কোন আদালতে অথবা আইনগতভাবে, ব্যাংকের সাথে আমার একাউন্ট চুক্তি বাতিলের আগে বা পরে, ব্যাংকের যে কোন দাবীর বিপরীতে ব্যবহার করব না।

**ছুটির দিনে কার্যক্রম**
ব্যাংক ছুটির দিনে বা ব্যাংকিং সময়ের পরে সংঘটিত লেনদেন ব্যাংক একাউন্টে দেখানো সম্পূর্ণ ব্যাংকের নিজস্ব বিবেচনার বিষয়, এ প্রকার লেনদেন উক্ত দিবসের পরিবর্তে পরবর্তী কর্মদিবসে লেনদেন হিসাবে দেখানো হতে পারে এবং এক্ষেত্রে সকল প্রকার সংযোজন/ বিয়োজন পরবর্তী কর্মদিবস হতে হিসেব হবে এবং সকল প্রকার সংযুক্তি/ বিযুক্তি পরবর্তী কর্মদিবসে কার্যকর হবে। এ জাতীয় বিলম্বিত সময়ের লেনদেন উক্ত দিনের লেনদেন হিসাবে না দেখানোর ফলে উদ্ভুত গ্রাহকের যে কোন ধরনের লোকসান যেমন ইন্টারেস্ট অথবা বৈদেশিক মুদ্রার বিনিময় হার, চেক ফেরত (রিটার্ন) প্রভৃতির জন্য ব্যাংক দায়ী থাকবে না।

**তথ্যের গোপনীয়তা ও তথ্য প্রকাশ**
যেহেতু ব্যাংক আমার একাউন্ট বা ব্যবসায়ের বিষয়ে কঠোর গোপনীয়তা অবলম্বন করে, আমি এই মর্মে ব্যাংককে (ব্যাংকের কোনো কর্মকর্তা বা কর্মচারীকে) ক্ষমতা দিচ্ছি যে, নিম্নে উল্লেখিত ব্যক্তি বা প্রতিষ্ঠানের কাছে আমার, আমার একাউন্ট বা ব্যবসা সম্পর্কিত তথ্য প্রদান করা যাবে।

ক. ব্যাংকের কোনো শাখা অফিস বা ব্যাংকের অন্যান্য গ্রুপ মেম্বার-এর সাথে

খ. ব্যাংকের কোন এজেন্ট, কন্ট্রাক্টর বা ব্যাংককে সেবাদানকারী কোন ৩য় পক্ষ বা ব্যাংকের কোনো পেশাদার পরামর্শদাতাকে বা অন্যান্য গ্রুপ মেম্বার-এর সাথে

গ. নিয়ন্ত্রণকারী সংস্থা, পরিদর্শনকারী, সরকারী বা আধা সরকারী সংস্থা, যাদের নিকট ব্যাংক বা গ্রুপের অন্য কোন সদস্য আইনগতভাবে দায়বদ্ধ

ঘ. আইন বা আদালতের নির্দেশে নির্ধারিত কোন ব্যক্তি যার নিকট ব্যাংক তথ্য প্রদান করতে বাধ্য

ঙ. কোনো ব্যক্তি যদি ব্যাংকের গোপনীয়তা রক্ষা সংক্রান্ত কাজে নিয়োজিত থাকে;

চ. কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান যার সাথে আমার লেনদেন আছে বা লেনদেনের প্রস্তাব করেছি; প্রত্যেক ক্ষেত্রেই গ্রহীতা বাংলাদেশে বা অন্য কোনো দেশে অবস্থান করছে, এবং ঐ তথ্য গ্রহীতা ইহা বাংলাদেশে বা অন্যকোন দেশে সংরক্ষণ করুক বা প্রকাশ করুক।

**দায়মুক্তি**
উপরোক্ত একাউন্ট, এ সকল শর্তাবলী প্রয়োগ এবং ব্যাংকের বকেয়া পুনরুদ্ধার করার জন্য ব্যাংক কর্তৃক প্রদেয় সংশ্লিষ্ট সব খরচ (আইনী খরচসহ) থেকে ব্যাংককে সম্পূর্নভাবে দায়মুক্ত করতে সম্মত হলাম।

**মওকুফ**
উপরোক্ত শর্তাবলী প্রয়োগে কোনো প্রকার অবহেলা, দয়া প্রদর্শন বা মওকুফ উল্লেখিত শর্তাবলী কঠোরভাবে প্রয়োগে ব্যাংকের অধিকার খর্ব করবে না। লিখিতভাবে নির্দেশ না দেয়া পর্যন্ত ব্যাংকের কোনো মওকুফ কার্যকর হবে না।

**পরিবর্তন**
ব্যাংক যেকোনো সময়ে এ শর্তাবলী পরিবর্তন করতে পারে কিন্তু কার্যকর হওয়ার নূন্যতম ১৪ দিন পূর্বে ব্যাংক নোটিশ দিয়ে তা আমাকে অবহিত করবে। শর্তাবলী পরিবর্তন কার্যকর হওয়ার পর আমি ব্যাংকিং সুবিধা গ্রহণ করলে, আমি ব্যাংকের শর্তাবলী পরিবর্তনের নোটিশ পেয়েছি এবং পরিবর্তিত শর্তাবলী মেনে নিয়েছি বলে গণ্য হবে। আমি এই মর্মে নিশ্চয়তা দিচ্ছি যে পরিবর্তন সংক্রান্ত কোনো নোটিশ পাঠানো হয়ে থাকলে উক্ত নোটিশের প্রাপ্তি স্বীকার সংক্রান্ত স্বাক্ষর সংগ্রহ করতে ব্যাংক বাধ্য নয়।

**নোটিশ**
এই শর্তাবলীর আওতায় পড়ে এমন বিষয় বা এই শর্তাবলী সংক্রান্ত বিষয়ে ব্যাংক আমার সঙ্গে আমার দেয়া ঠিকানায় (অথবা অন্য কোন ঠিকানা যা আমি পরবর্তীতে ব্যাংককে জানিয়েছি) লিখিতভাবে যোগাযোগ করবে। ডাকযোগে পাঠানো হলে যে তারিখে আমার কাছে চিঠি পাঠানো হয়েছে, সে তারিখে যোগাযোগ সম্পন্ন হয়েছে বলে ধরে নেয়া হবে।

**দৈব দুর্বিপাক/কারিগরী ত্রুটি**
ব্যাংকের আওতার বাইরে দৈব দুর্বিপাক/কারিগরি ত্রুটির কারণে উদ্ভুত পরিস্থিতিতে কোনো বা সকল দায়িত্ব পরিপালনে অক্ষম হলে ব্যাংকের উপর বর্ণিত ধারাসমূহ কার্যকর হবে না।

**প্রচলিত আইন**
প্রদত্ত নিয়ম নীতি/ শর্তাবলী বাংলাদেশের প্রচলিত আইনে পরিচালিত এবং প্রয়োগ করা হবে। আমি এই মর্মে বাংলাদেশের কোর্টের নির্দেশ বা আইনের কাছে নিঃশর্তভাবে সমর্পিত। এই সমর্পণ ব্যাংককে কোন কোর্ট প্রদত্ত নির্দেশ বা আইন মোতাবেক আমার বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেয়া থেকে বিরত রাখবে না। যদিও সকল একাউন্ট বাংলাদেশ ব্যাংকের গাইডলাইন/কোনো ধারা বা বিধি পরিবর্তনের নোটিশ/পরিবর্তন বা পরিবর্ধন নীতি সাপেক্ষে (যা সময়ে সময়ে পরিবর্তন হতে পারে) পরিচালিত।

**ই-স্টেইটমেন্ট**

১. আমি/ আমরা এ ব্যাপারে সম্পর্ণ অবগত এবং সম্মত যে ব্যাংক এনক্রিপটেড ই-মেইল ব্যবহার করে না এবং ইন্টারনেট এনক্রিপটেড না বা তথ্য আদানপ্রদানের জন্য নিরাপদ মাধ্যম না। ইন্টারনেটে অযাচিত ব্যক্তির মাধ্যমে তথ্যের পরিবর্তন, ব্যবহার এবং প্রকাশের ঝুঁকি রয়েছে।

2. I/ we fully understand the risk and accept that transmission of the information to a corporate ID involves the risks of the information to be viewed, altered, used or disclosed to third parties, once authorized but afterward no more in the employment of the organization, in future. I/ we agree to indemnify the Bank and hold the Bank indemnified and harmless from any and all costs, expenses, liabilities, loses, responsibilities, whether direct or consequential , arising out or in connection with such view, alteration, usage or disclosure of the information or otherwise caused by using the internet as a means of transmission and also for any error, delay or problem in transmission of the information;
3. That my/ our legal representatives, executors, successors-in-interest and assigned are bound by this E-statement Enrolment;
4. That this E-statement Enrolment shall be governed by and construed in accordance with the laws of Bangladesh;
5. Electronic statement delivery will supersede hard copy statement delivery (if any)

**Electronic Mail**

Customer may contact the Bank via e-mail for general and non-urgent communication. As regular e-mail is a completely reliable or secure method of communication, sensitive communications/information, such as payment instructions, notices in connection with the terms of the Internet Banking/SKYBANKING App service may be transmitted through e-mail. The Bank will not be responsible if any e-mail sent by the Customer falls in the hand of a non-recipient.

**Fees and Charges**

Customer is obliged to pay the exact Service fee and other related fee and charges within the due dates to the Bank disclosed by the Bank's tariff requirements, and the requirements will be published on the Bank website and Schedule of Charges. Fees and charges are subject to change from time to time at the Bank's discretion. Customer will be regarded as accepting the new fee tariff if he/she continues to use the Services after changes have been published on the Bank's website or notified to the Customer by e-mail or other mode of communication convenient to the Bank. If the Customer fails to pay the Service fee on due dates then fees and charges for the Services will automatically be deducted from the Customer's account maintained with the Bank and/or terminate the Services or any one of them without prior notice.

**SMS Alert**

1. SMS Alert showing the transaction amount as well as the final balance after execution of the transaction will be sent to my/our mobile phone when any Debit/Credit transaction, such as Cheque or cash deposit/withdrawal, fund transfer to/from your account, ATM withdrawal etc. take place in my/our account/Credit Card.
2. It is my/our sole responsibility to maintain the Mobile number mentioned in the form as well as to ensure the privacy of the transactions alerts.
3. I/ we will inform/update the Bank in the event of loss/damage of my mobile set or SIM as well as number change. Bank will not be held liable for sending SMS of any transactions that take place before being notified of such occurrence.
4. Bank shall not be responsible or liable for any delayed, incomplete, Inaccurate and /or non-delivery of the Alerts for the technical reason of the network of the mobile companies or any other reason on which Bank has no control.

**Contact Center**

a) I/ we authorize the Bank (in its absolute discretion) to follow/ act on my/ our oral or telephonic instruction (including any instructions required by or, given by me/ us, in relation to these terms and conditions unless these terms and conditions otherwise expressly state to the contrary).

b) I/ we shall not reveal my/ our Telephone Identification Number (TIN) to anyone. My/ our oral instruction(s) identified by my/ our correct Bank Account Number and TIN shall be deemed to be proper. Accordingly, the Bank shall be entitled to rely on any such instructions. Should the Bank accept any such instruction from me/ us, or from some other person purporting to be me/ us, I/ we hereby agree to indemnify the Bank against any loss, damages, costs (including legal costs), or demands incurred by the Bank as a result of or, in connection therewith.

c) Service Quality: Recording Customers' Calls and Instructions
To protect both the Bank's customers and its staff, and to help resolve any disputes between Customer and the Bank, Customer authorizes and acknowledges that:
   1) The Bank will record all telephone conversations between the Bank and Customer for the Services; and
   2) The Bank will keep a record of all instructions given by the Customer via the Services; and
   3) The Bank may listen to telephone calls made in respect of the Services in order to assess and improve the quality of the Services.

d) The Bank may in its absolute discretion require that written confirmation of my/ our oral instruction(s) be received by it within such period as the Bank may specify. Where any of the above accounts are opened by more than one person any such one person shall be entitled to give any such oral instructions and the Bank shall be entitled to rely upon such instructions.

e) I/ we acknowledge that my/ our use of Contact Centre shall be governed by the Bank's prevailing Terms & Conditions available in the Bank's website at www.ebl.com.bd & accept the same.

২. আমি/ আমরা এ ব্যাপারে অবগত এবং সম্মত যে, যেহেতু প্রাতিষ্ঠানিক ঠিকানায় কোনো নির্ধারিত ব্যক্তির নিকট তথ্য প্রদানের ফলে তৃতীয় পক্ষের নিকট এ তথ্যের প্রকাশ, পরিবর্তন বা ব্যবহারের ঝুঁকি রয়েছে, সেহেতু উক্ত প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত ব্যক্তি বর্তমানে উক্ত প্রতিষ্ঠানে কর্মরত থাকলে ভবিষ্যতে তাঁর কর্মস্থল পরিবর্তনের সম্ভাবনা রয়েছে। আমি/আমরা ইন্টারনেট তথ্য প্রবাহের মাধ্যম হিসাবে ব্যবহারের কারণে উক্ত তথ্যের প্রদর্শন, পরিবর্তন বা ব্যবহারের ফলে সরসরি বা উক্ত ঘটনার কারণে সৃষ্ট কোনো খরচ, ক্ষতি, দায়িত্ব থেকে ব্যাংককে সম্পূর্ণরূপে অব্যাহতি দিতে সম্মত। এছাড়া তথ্য প্রবাহে কোনো ভুল বা তথ্য প্রবাহের সমস্যার জন্য ব্যাংক দায়ী নয়।
৩. আমরা/ আমাদের আইনগত প্রতিনিধি, সম্পাদনকারী, উত্তরাধিকারী এ ই-স্টেইটমেন্ট নিয়মাবলী পালনে আইনত বাধ্য।
৪. এই ই-স্টেইটমেন্ট পরিচালনা পদ্ধতি বাংলাদেশের আইনী কাঠামোর ভিত্তিতে গঠিত এবং পরিচালিত।
৫. স্টেইটমেন্ট ইলেকট্রনিক উপায়ে বা মেইলে পাঠানো হলে কাগজের স্টেইটমেন্ট পাঠানো হবে না।

**ইমেইল**

গ্রাহক সাধারণ এবং ও জরুরী যোগাযোগের জন্য ই-মেইলের মাধ্যমে ব্যাংকের সাথে যোগাযোগ করতে পারে। যেহেতু নিয়মিত ই-মেইল একটি সম্পূর্ণ নির্ভরযোগ্য বা নিরাপদ মাধ্যম, কোন সংবেদনশীল যোগাযোগ/তথ্য, যেমন অর্থ প্রদান নির্দেশনাবলী, ইন্টারনেট ব্যাংকিং/ স্কাইব্যাঙ্কিং-এর নিয়মাবলী ই-মেইলের মাধ্যমে প্রেরণ করা যেতে পারে। যদি গ্রাহক দ্বারা প্রেরিত কোন ই-মেইল কোন অ-প্রাপকের হাতে পড়ে তার জন্য ব্যাংক কোন ভাবেই দায়ী থাকবে না।

**ফি এবং চার্জ**

গ্রাহক নির্দিষ্ট তারিখের মধ্যে সঠিক সার্ভিস ফি এবং অন্যান্য সম্পর্কিত ফি ও চার্জ ব্যাঙ্কের ট্যারিফ মোতাবেক পরিশোধ করতে বাধ্য থাকবে এবং এই ট্যারিফ ব্যাংকের ওয়েব সাইট ও শিডিউল অব চার্জ এ প্রকাশিত হবে। ফি ও চার্জ ব্যাংকের বিবেচনার ভিত্তিতে সময়ে সময়ে পরিবর্তন হতে পারে। গ্রাহক নতুন শিডিউল অব চার্জ মেনে নিয়েছেন বলে গণ্য হবে যদি ঐ পরিবর্তনটি ব্যাংকের ওয়েব সাইটে আনার পর অথবা ই-মেইল বা ব্যাংকের জন্য সুবিধাজনক অন্য যে কোন মাধ্যমে গ্রাহক কে জানানোর পরও তিনি ঐ সার্ভিসটি গ্রহন করতে থাকেন। গ্রাহক নির্দিষ্ট তারিখে সার্ভিস ফি প্রদান করতে ব্যর্থ হলে ফি ও চার্জ স্বয়ংক্রিয় ভাবে তার ইবিএল একাউন্ট থেকে অবকলন করা হবে এবং/অথবা আগাম নোটিশ ছাড়াই ঐ সেবা বাতিল করতে পারে।

**এস এম এস এল্যার্ট**

১. আমার/আমাদের একাউন্ট/ডেবিট কার্ডে কোন ডেবিট/ক্রেডিট লেনদেন, যেমন চেক অথবা ক্যাশ জমা/উত্তোলন, আমার/আমাদের একাউন্টে/একাউন্ট থেকে তহবিল স্থানান্তর, এটিএম থেকে উত্তোলন ইত্যাদি সংঘটিত হলে এস এম এস এল্যার্ট, লেনদেন সমাপ্তিতে ব্যাল্যান্সসহ, আমার/ আমাদের মোবাইল নম্বরে পাঠানো হবে।
২. আমার/আমাদের মোবাইল নম্বর সংরক্ষন করা, এবং লেনদেনের এস এম এস এল্যার্টের গোপনীয়তা বজায় রাখা সম্পূর্নভাবে আমার/আমাদের দায়িত্ব।
৩. আমার/আমাদের মোবাইল ফোন/সিম হারালে/ক্ষতিগ্রস্ত হলে এবং নম্বর পরিবর্তন হলে আমি/আমরা ব্যাংককে অবহিত করব। এই ধরনের কোন ঘটনা সম্পর্কে অবহিত হওয়ার আগে সংঘটিত কোন লেনদেনের এস এম এস এল্যার্ট প্রদানের জন্য ইবিএল দায়ী থাকবে না।
৪. মোবাইল কোম্পানির নেটওয়ার্কের প্রযুক্তিগত অথবা ব্যাংকের নিয়ন্ত্রণের বাইরের অন্য যে কোন কারনে যদি এস এম এস এল্যার্ট প্রদানে বিলম্ব হয়, এল্যার্ট যদি না পৌঁছে অথবা তথ্য অপূর্ণ বা ভুল থাকে, তাহলে ইবিএল দায়ী থাকবে না।

**যোগাযোগ কেন্দ্র / কনট্যাক্ট সেন্টার**

ক. আমি/ আমরা ব্যাংককে (তাদের নিজস্ব বিবেচনায়) আমার/ আমাদের মৌখিক বা টেলিফোনে দেয়া নির্দেশ মোতাবেক কাজ করার অনুমোদন দিচ্ছি (যে কোনো নির্দেশনা যা এখানে উল্লেখিত শর্তাবলীর আওতায় পড়ে অথবা পৃথকভাবেনির্দেশিত)।

খ. আমি/ আমরা আমার/ আমাদের টেলিফোনিক সনাক্তকরণ নম্বর (টিআইএন) নম্বর কারো কাছে প্রকাশ করব না। আমার/ আমাদের টেলিফোনে দেয়া মৌখিক নির্দেশনা যা আমার/ আমাদের ব্যাংক একাউন্ট নম্বরের মাধ্যমে চিহ্নিত করা হবে তা সঠিক হতে হবে। এই মোতাবেক ব্যাংককে এইরূপ নির্দেশনার প্রতি আস্থা রাখতে হবে। আমার/ আমাদের এইরূপ নির্দেশনার ফলে সৃষ্ট কোনো ক্ষতি বা খরচ হতে (আইনী খরচসহ) ব্যাংককে অব্যাহতি দিচ্ছি।

গ. সার্ভিস কোয়ালিটিঃ গ্রাহকরা কল এবং নির্দেশাবলী রেকর্ডিং ব্যাংকের গ্রাহক এবং কর্মকর্তা, উভয়ের স্বার্থ রক্ষার জন্য এবং গ্রাহক ও ব্যাংক মধ্যে কোনো বিরোধ নিস্পত্তির জন্য গ্রাহক অনুমোদন এবং স্বিকার করছেন যে
   ১) এই সার্ভিসের জন্য করা ব্যাংক এবং গ্রাহকের মধ্যে সকল টেলিফোন কথোপকথন রেকর্ড করবে
   ২) ব্যাংক এই সার্ভিসের মাধ্যমে করা গ্রাহকের সকল নির্দেশ রেকর্ড করবে
   ৩) ব্যাংক প্রদত্ত সার্ভিসের মান নির্ণয় এবং উন্নত করার জন্য রেকর্ড করা টেলিফোন কথোপকথন শুনতে পারে

ঘ. আমার/ আমাদের মৌখিক নির্দেশনার পরিপ্রেক্ষিতে একটি লিখিত নির্দেশনা ব্যাংক কর্তৃক নির্ধারিত একটি সময়ের মধ্যে আমি/ আমরা ব্যাংককে দিব। একের অধিক ব্যক্তি একাউন্ট খুললে একজন মৌখিক নির্দেশনা দেয়ার জন্য নির্দিষ্ট থাকবে। ব্যাংক ঐ ব্যক্তির নির্দেশনা মোতাবেক কাজ করবে।

ঙ. আমি/ আমরা অবগত যে আমার/ আমাদের যোগাযোগ কেন্দ্র/ কনট্যাক্ট সেন্টার ব্যবহার ব্যাংকের শর্তাবলী মোতাবেক (যা ব্যাংকের ওয়েবসাইট www.ebl.com.bd-এ দেয়া আছে এবং আমাদের দ্বারা গৃহীত) পরিচালিত হবে।

# DEBIT CARD ENROLLMENT RULES ডেবিট কার্ড এনরোলমেন্ট এর নিয়মাবলী

## Terms and Conditions শর্তাবলী

1. Only account holder of Eastern Bank PLC. can apply for EBL Debit Card.

2. In these Terms and Conditions -

a) **"Bank"** means Eastern Bank PLC. and its successors and assigns.

b) **"Acquirers"** means any bank or financial institution which is licensed by Visa International/Master Card/Diners Club to conclude agreements with merchants to accept cards of all description.

c) **"Card"** means valid EBL Card issued to a Cardholder to avail services and/or to purchase and/or to draw Cash Facilities by properly presenting the same at the Bank or other authorized acquirers: ATM and or POS.

d) **"Cardholder"** means the Applicant Customer mentioned in this Application Form, to whom and for whose uses the Card has been issued at his/her request.

e) **"Customer"** means the Cardholder stated above.

f) **"Account"** means an account maintained by the Bank in the name of the Cardholder.

g) **"Agreement"** means the Terms and Conditions along with the EBL Debit Card Application Form.

3. a) All transactions initiated by the Card, whether electronically or otherwise, using the Card will be debited from the Designated Account.

   b) The Bank shall debit the Designated Account for the amount withdrawn from any of the Authorized Automated Teller Machine (ATM) or POS transactions for goods and services obtained from authorized merchants in Bangladesh by the use of the Card. The Bank's records generated electronically or otherwise, shall be deemed to be conclusive proof of the correctness of the transactions notwithstanding the fact that no debit voucher would have been signed by the Cardholder to support transactions through the ATM.

   c) If the Designated Account becomes overdrawn by the use of the Card, the Cardholder shall be charged with interest at such rate as the Bank determines from time to time and other fees and expenses as determined by the Bank at its absolute discretion. Any such overdrawing is repayable on demand.

   d) In consideration of issuing the Card, the Cardholder undertakes to indemnify the Bank against all losses, claims, actions, proceedings, demands, damages, costs and expenses incurred or sustained by the Bank of whatever nature and howsoever arising out of or in connection with the issuance or use of the Card, provided that the Bank acts in good faith.

   e) The Bank shall have the right to charge the Customer any fees for issuance and use of the Card on a yearly basis.

4. The Bank reserves the right to limit the total cash withdrawal or goods and services purchased at authorized merchants by the Cardholder during a 24 (Twenty Four) hour period.

5. The Card shall at all times, remain the property of the Bank and the Bank may in its unfettered discretion and without giving any reason whatsoever withdraw the Card or the services thereby offered or any part of such services at anytime without any prior notice, whereby the Cardholder will be responsible for returning the Card upon request of the Bank.

6. The Card and PIN are issued to the Cardholder entirely at the Cardholder's risk and the Bank shall bear no liability whatsoever for any loss, financial or otherwise, or damage whatsoever caused from this issue. The Bank shall not be responsible for any losses or damages or expenses whatsoever arising whether directly or indirectly as a result of any transaction made with the Card and shall be indemnified by the Cardholder, against any such loss or damage.

7. The Cardholder shall not disclose the PIN to anyone. The Cardholder will be liable to the Bank for any and all transactions made by the use of the Card and hereby agrees to indemnify the Bank for any losses or damages howsoever caused by any unauthorized use of Card or PIN, unless the Bank has received notice in writing of any loss, damage or theft of the Card or disclosure of the PIN prior to any unauthorized use of the Card or PIN. For the purpose of unauthorized use of the Card, any usage of the Card with the consent of the Cardholder constitutes authorized use of the Card.

8. The Bank shall debit the Designated Account for all related charges with respect to the Card and the use thereof and the charges as may be announced from time to time by the Bank or other Authorized Acquirer as the case may be, including charges for any replacement of the Card.

১. ইবিএল ডেবিট কার্ডের জন্য কেবলমাত্র ইস্টার্ন ব্যাংকের অ্যাকাউন্ট হোল্ডাররা আবেদন করতে পারবেন।

২. এসব শর্তাবলীতে:

ক. 'ব্যাংক'-এর অর্থ হচ্ছে ইস্টার্ন ব্যাংক পিএলসি. এবং এর মনোনীত অঙ্গ সংগঠনসমূহ

খ. 'অ্যাকোয়ারারস'-এর অর্থ হচ্ছে ভিসা ইন্টারন্যাশনাল/ মাস্টার কার্ড/ ডাইনারস্ ক্লাব কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান যারা সব ধরনের কার্ড গ্রহণ করানোর লক্ষ্যে ব্যবসায়ীদের সাথে চুক্তি সম্পাদন করে।

গ. 'কার্ড'-এর অর্থ হচ্ছে গ্রাহকের পক্ষে (অনুকূলে) ইস্যুকৃত ইবিএল কার্ড যেটি ব্যাংক কিংবা অনুমোদিত বুথ বা পয়েন্টে যেমন: এটিএম এবং/ অথবা পিওএস উপস্থাপনের মাধ্যমে গ্রাহকগণ কোনো সেবা গ্রহণ এবং /অথবা ক্রয় করা এবং/ অথবা প্রয়োজনের সময় টাকা উত্তোলনের সেবা গ্রহণ করতে পারবেন।

ঘ. 'কার্ড হোল্ডার'-এর অর্থ হচ্ছে ফরমে উল্লেখিত আবেদনকারী বা গ্রাহকগণ যার বা যাদের ব্যবহারের জন্য এই কার্ডটি তার/ তাদের অনুরোধে প্রদান করা হয়েছে।

ঙ. 'কাস্টমার'-এর অর্থ হচ্ছে উপরে বর্ণিত কার্ডহোল্ডার।

চ. 'হিসাব'-এর অর্থ হচ্ছে কার্ডহোল্ডার-এর নামে চালু করা হিসাব।

ছ. 'চুক্তিপত্র'-এর অর্থ হচ্ছে ইবিএল ডেবিট কার্ড আবেদন ফরম-এর সঙ্গে সংযুক্ত শর্তাবলী

৩ (ক) কার্ড-এর মাধ্যমে ইলেকট্রনিক্যালি বা অন্য কোনো উপায়ে সম্পাদিত সব ধরনের লেনদেন-এর জন্য সংশ্লিষ্ট অ্যাকাউন্ট ডেবিট করা হবে।

(খ) ডেবিট কার্ডটি ব্যবহার করে বাংলাদেশের যে কোনো ভিসা অনুমোদিত এজেন্ট থেকে পিওএস লেনদেনের মাধ্যমে কোনো সেবা গ্রহণ কিংবা কোনো স্বয়ংক্রিয় টেলার মেশিন (এটিএম) থেকে টাকা উত্তোলনের ফলে ব্যাংক সংশ্লিষ্ট গ্রাহকের অ্যাকাউন্ট থেকে উক্ত পরিমাণ টাকা ডেবিট করবে। ব্যাংকের ট্র্যানজেকশন (ইলেক্ট্রনিক্যাল/ অন্যভাবে উদ্ভূত) স্টেইটমেন্ট-ই শুদ্ধতার চূড়ান্ত প্রমাণ হিসেবে গণ্য হবে এবং এর জন্য গ্রাহক কর্তৃক স্বাক্ষরিত কোনো ডেবিট ভাউচার-এর প্রয়োজন নেই।

(গ) যদি উক্ত কার্ডটি ব্যবহার করে গ্রাহক অতিরিক্ত টাকা উত্তোলন করেন তবে সংশ্লিষ্ট গ্রাহককে ব্যাংক তাদের বিভিন্ন সময়ে নির্ধারিত হারে সুদ আরোপ করবেন অধিকন্তু ব্যাংকের ভিত্তিতে আরোপিত অন্যান্য ফি-ও এতে সংযুক্ত করা হবে। তবে এরূপ অতিরিক্ত উত্তোলন ব্যাংকের চাহিবামাত্র পুন:পরিশোধযোগ্য।

(ঘ) কার্ড ব্যবহারের স্বার্থে, কার্ড-সংক্রান্ত ব্যাংকের যে কোনো ধরনের ক্ষতিপূরণের জন্য কার্ডহোল্ডার দায়িত্ব গ্রহণ করছেন। যেমন সমস্ত লোকসান, দাবি, কার্যক্রম, মামলা, চাহিদা, খরচ/ ব্যয় ইত্যাদি এবং কার্ড ইস্যু বা ব্যবহারের কারণে উদ্ভূত যে কোন ধরনের সমস্যার জন্য কার্ডধারী দায়ভার নিবে কিন্তু শর্ত একটিই যে ব্যাংককে সর্বদা সততা/ সরল বিশ্বাসে কাজ করতে হবে।

(ঙ) কার্ড ইস্যু এবং ব্যবহারের জন্য ব্যাংক বাৎসরিক হারে যে কোনো গ্রাহকের উপর যে কোনো ফি ধার্য করার অধিকার রাখে।

৪. ব্যাংক প্রতি ২৪ ঘণ্টার মধ্যে কার্ডহোল্ডার কর্তৃক কোনো অনুমোদিত এজেন্ট থেকে ক্রয় করা বা সেবা গ্রহণের এবং টাকা উত্তোলনের সর্বোচ্চ সীমা নির্ধারণ করে দেওয়ার অধিকার রাখে।

৫. কার্ডটি সর্বদাই ব্যাংকের সম্পদ বলে বিবেচিত হবে এবং কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এবং পূর্ব নোটিশ ছাড়াই ব্যাংক তার একক সিদ্ধান্তে সংশ্লিষ্ট গ্রাহকের কার্ডটি ফেরত নেওয়া, অথবা এতদ্বসংক্রান্ত কোনো সেবা প্রত্যাহার করে নিতে পারে, এক্ষেত্রে ব্যাংকের অনুরোধে গ্রাহক তার কার্ডটি ফেরত দেয়ার ব্যাপারে দায়বদ্ধ থাকবেন।

৬. গ্রাহক বরাবর ইস্যুকৃত কার্ড ও প্রদত্ত পিন নম্বরের গোপনীয়তা রক্ষা গ্রাহকের দায়িত্ব এবং ব্যাংক এক্ষেত্রে কোনো ধরনের লোকসান, আর্থিক ক্ষতি, কোনো ক্ষয়ক্ষতি বা এরূপ কোনো কর্মকান্ডের জন্য দায়বদ্ধ হবে না। উপরন্তু, উক্ত কার্ড-এর ব্যবহারের ফলে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সৃষ্ট কোনো লোকসান বা ক্ষয়-ক্ষতির জন্য ব্যাংক দায়বদ্ধ হবে না। অধিকন্তু সেরূপ ক্ষয়-ক্ষতির ক্ষতিপূরণের প্রয়োজন হলে গ্রাহককেই তা পূরণ করতে হবে।

৭. কার্ডহোল্ডার কার্ডের পিন নম্বর কারও নিকট প্রকাশ করবেন না। কার্ডহোল্ডার কার্ড দ্বারা সংঘটিত সকল লেনদেনের জন্য ব্যাংকের নিকট দায়বদ্ধ থাকবেন, এবং পিন বা কার্ড দ্বারা অননুমোদিত লেনদেনের ফলে কোনো লোকসান বা ক্ষয়ক্ষতি বা চুরি সম্পর্কে ব্যাংক লিখিত নোটিশ পাওয়ার পূর্ব পর্যন্ত সকল সংঘটিত লেনদেন কার্ডহোল্ডার কর্তৃক অনুমোদিত বলে এই মর্মে ব্যাংক তার দায়িত্ব সম্পাদন করবে। নোটিশ ব্যতিরেকে কার্ড বাহক কর্তৃক এর ব্যবহারকে কার্ডহোল্ডারের অনুমোদিত ব্যবহার বলে গণ্য হবে।

৮. কার্ডের যাবতীয় চার্জ বা এর ব্যবহারের জন্য গ্রাহকের অ্যাকাউন্ট ডেবিট করা হবে। এছাড়া কার্ডের পুনঃস্থাপন চার্জ ফি-সহ সময়ে সময়ে ব্যাংকের নির্ধারিত যে কোনো ফি-এর জন্য গ্রাহকের অ্যাকাউন্ট ডেবিট করা হবে।

9. The Bank reserves the right to refuse an application of the issuance of a Card and to withdraw at any time and at its sole discretion all rights and privileges pertaining to the Card. The Bank shall not be responsible for any losses or damages or expenses whatsoever and howsoever arising whether directly or indirectly as a result of any malfunction of the Card or any of the Authorized ATM, the insufficiency of funds in such a machine or otherwise.
10. The Bank does not warrant and will not be responsible for the Card not being honored for any reason whatsoever.
11. In the event of replacement of the Card due to whatever reasons as requested by the Cardholder, the Bank will levy a charge, as set by the Bank's management.
12. In the event of resetting PIN, the Bank will levy a charge, as set by the Bank's management.
13. Cardholder will not use this card for any illegal transaction or carry out any unlawful acts, under the laws of Bangladesh.
14. The Card shall cease to be valid and the Bank shall be entitled to the immediate return of the Card in the event of:
    a) closure of the Designated Account;
    b) death of the Cardholder;
    c) termination of the Cardholder's authority to operate the Designated Account;
    d) the Cardholder ceasing to be a customer of the Bank;
    e) the Bank requesting for its return.
15. All notifications and/or questions concerning the use of the Card should be directed to the Branch Manager of the Cardholder's branch or the EBL Cards Division.
16. All rules and regulations governing the operations of current and savings accounts will be applicable of the Card transactions relating to such accounts.
17. The Bank may at any time change the Terms and Conditions without prior notice to the Cardholder.
18. These Terms and Conditions will stand amended if such amendments are necessitated by law, government regulations or instructions issued by the Bangladesh Bank.
19. Fees and charges may be determined periodically by the Bank or other authorized acquirers without prior notice to the cardholder.
20. Cardholder may terminate this Agreement by serving 60 days prior notice to the Bank before its expiry.
21. In case of any act of God, war, riots, civil disturbances, changes of law over which the Bank has no control and when any such cases result in an impossibility for the Bank to perform this Agreement, the Bank may terminate this Agreement before its expiry without assigning any reasons whatsoever.
22. All disputes are subject to the jurisdiction of courts in Bangladesh only.
23. An annual SMS alert fee + VAT will be charged to the account.
24. The customer agrees to the terms and conditions at EBL Website related to cards, e-commerce and banking transactions.
25. Cards will be retained by the bank for 60 days from the date of card delivery notification/issuance charge deduction (retention period). After retention period, undelivered debit cards will be destroyed by the Bank and necessary charges will be realized from the respective customer's account as per schedule of charges.
26. The customer knowingly and willingly do hereby waive its all right to make any claim, demand or dispute on its undelivered Debit card destroyed as aforesaid, or charge, deducted on account of destroyed card after mentioned bank retention period.

৯. নতুন কার্ডের আবেদনপত্র প্রত্যাখ্যান, কার্ডের প্রত্যার্পণ, কার্ড সংশ্লিষ্ট যে কোনো বিধান পরিবর্তন সংক্রান্ত সকল অধিকার এককভাবে ব্যাংক সংরক্ষণ করে। ব্যাংক এতদ্বসংক্রান্ত কোনো লোকসান, ক্ষয়ক্ষতি বা খরচের জন্য দায়বদ্ধ হবে না কিংবা কার্ডের বা অনুমোদিত এটিএম বা মেশিনে অপর্যাপ্ত ব্যালেন্স সংক্রান্ত বিষয়ে এর অপব্যবহারের ফলে প্রত্যেক্ষ বা পরোক্ষভাবে সৃষ্ট কোনো বিষয়ে দায়বদ্ধ হবে না।

১০. উপযুক্ত কোনো কারণে কার্ডটি লেনদেনের জন্য গ্রহণ করা না হলে ব্যাংক তার দায়দায়িত্ব নিবে না।

১১. কার্ডহোল্ডারের যে কোনো অনুরোধের কারণে কার্ডের পুনঃস্থাপন-এর প্রয়োজন হলে ব্যাংক কর্তৃক নির্ধারিত চার্জ প্রযোজ্য হবে।

১২. কার্ডের পিন নম্বর পুনঃস্থাপনের প্রয়োজন হলে ব্যাংক কর্তৃক নির্ধারিত চার্জ প্রযোজ্য হবে।

১৩. বাংলাদেশে বিদ্যমান আইন অনুযায়ী কার্ডহোল্ডার উক্ত কার্ড দিয়ে কোনোরূপ বেআইনী লেনদেন করতে পারবেন না।

১৪. কার্ডের বৈধতা রহিত হবে এবং ব্যাংক কার্ডটি অতিসত্বর ফেরত চাইতে পারে যদি–

ক. সংশ্লিষ্ট হিসাবটি বন্ধ হয়ে যায়।

খ. কার্ডহোল্ডারের মৃত্যু হয়।

গ. সংশ্লিষ্ট হিসাব চালনার ব্যপারে যদি কার্ডহোল্ডারের কর্তৃত্ব খর্ব করা হয়

ঘ. কার্ডহোল্ডারকে ব্যাংকের গ্রাহক হওয়া থেকে বিরত রাখা হয়।

ঙ. ব্যাংক এটি ফেরত দেওয়ার জন্য অনুরোধ জানায়।

১৫. কার্ডের ব্যবহার সংশ্লিষ্ট সকল প্রশ্ন বা নোটিশ সংশ্লিষ্ট শাখার ম্যানেজার বা ইবিএল কার্ড ডিভিশনের বরাবরে করতে হবে।

১৬. সেভিংস ও কারেন্ট অ্যাকাউন্টের জন্য প্রযোজ্য সকল আইন কানুন এ জাতীয় অ্যাকাউন্ট পরিচালনার ক্ষেত্রে সমানভাবে প্রযোজ্য হবে।

১৭. ব্যাংক যে কোনো সময় কার্ডহোল্ডারকে পূর্ব নোটিশ ছাড়াই কার্ড সংশ্লিষ্ট বিধান পরিবর্তন করতে পারে।

১৮. আইন, সরকার ও বাংলাদেশ ব্যাংক-এর অপরিহার্য কোনো সংশোধনী এই শর্তাবলীর সংশোধনী হিসেবে গণ্য হবে।

১৯. কার্ডহোল্ডারকে পূর্ব নোটিশ ছাড়া ব্যাংক বা অনুমোদিত কর্তৃপক্ষ সময়ে সময়ে ফি ও চার্জ ধার্য করতে পারে।

২০. কার্ডহোল্ডার চাইলে কার্ডের মেয়াদ শেষ হওয়ার ন্যূনতম ৬০ দিন পূর্বে নোটিশ প্রদান সাপেক্ষে উক্ত চুক্তিপত্র বাতিল করতে পারে।

২১. কোনো দৈবনির্ভর ঘটনা, যুদ্ধ, দাঙ্গা, সামরিক অভ্যুত্থান, আইন পরিবর্তন যা ব্যাংকের নিয়ন্ত্রণের বাইরে এবং যে সব ক্ষেত্রে ব্যাংক-এর পক্ষে এই চুক্তিপত্র সম্পাদন অসম্ভব হয়ে পড়ে, সেসব ক্ষেত্রে ব্যাংক কোনোরূপ কারণ দর্শানো ছাড়া এর মেয়াদোত্তীর্ণ হওয়ার পূর্বেই অত্র চুক্তিপত্র বাতিল করতে পারবে।

২২. এর যে কোনো বিরোধ কেবলমাত্র বাংলাদেশে বিদ্যমান আইন অনুযায়ী পরিচালিত হবে।

২৩. বাৎসরিক এসএমএস এলার্ট ফি ও ভ্যাট চার্জ গ্রাহকের অ্যাকাউন্ট থেকে সমন্বয় করা হবে।

২৪. গ্রাহক ইবিএল ওয়েবসাইটে বর্ণিত কার্ড, ই-কমার্স ও ব্যাংকিং ট্রানজ্যাকশান সংক্রান্ত শর্তাবলী মেনে চলার প্রত্যয়ন করছেন।

২৫. ডেবিট কার্ড সরবরাহের নোটিফিকেশন/ইস্যু ফি নেওয়ার তারিখ থেকে ৬০ দিন পর্যন্ত ব্যাংক কার্ড সংরক্ষণ করবে (সংরক্ষণকাল)। সংরক্ষণকাল শেষ হওয়ার পর, অবিলিকৃত ডেবিট কার্ড সমূহ ব্যাংক কর্তৃক ধ্বংস করা হবে এবং এজন্য নির্ধারিত চার্জসমূহ চার্জ শিডিউল অনুযায়ী সংশ্লিষ্ট গ্রাহকের হিসাব থেকে কেটে নেওয়া হবে।

২৬. উপরে বর্ণিতভাবে সংরক্ষণকাল পরবর্তী অবিলিকৃত ডেবিট কার্ড ব্যাংক কর্তৃক ধ্বংস করা ও ধ্বংস করা কার্ডের জন্য চার্জ কাটা সংক্রান্ত কোনো দাবি, আপত্তি বা বিতর্ক উত্থাপনের সকল অধিকার গ্রাহক জেনে এবং স্বেচ্ছায় ত্যাগ করল।

## Additional Terms & Conditions for Payroll Accounts with the existing Account Opening Form.
## পেরোল হিসাব খোলার অতিরিক্ত নিয়ম এবং শর্তাবলী

1. If, a Customer opened an account with Eastern Bank PLC (EBL) as an employee of a company/firm under any Payroll Banking service (EBL Salary account/ Payroll Card), and thereafter leaves the company/firm at any point of time, he/she shall notify this to EBL 30 days ahead of his/her last working day in the said company, with a view to closure, termination or any further action as he/she deem necessary in relation to his/her account.
2. The Customer hereby authorizes EBL that in failure of this obligation, EBL shall have right to close/suspend his/her Account, convert the account into general savings account, suspend/cancel any sort of transaction and/or banking facilities or loan facilities, at its own discretion, unless otherwise required by applicable laws and/or guidelines of Bangladesh Bank.
3. The Customer do hereby agree, confirms and undertakes that EBL shall be released from any obligation and shall have the right to refuse any sort of transaction presented subsequently to such suspension or closure of his/her account and/or cancellation of his/her loan facility (if any). The Customer shall be held responsible and shall keep EBL indemnified for all consequences resulting or arising from such Discontinuation of the account.

১. কোন পেরোল ব্যাংকিং পরিষেবার (ইবিএল বেতন একাউন্ট/ পেরোল কার্ড) অধীনে কোন কোম্পানি / ফার্মের কর্মচারী হিসেবে যদি, কোন গ্রাহক ইস্টার্ন ব্যাংক পিএলসি (ইবিএল) এ হিসাব খোলেন এবং তার পরে যে কোন সময়ে কোম্পানি / ফার্ম ত্যাগ করেন , তাহলে উল্লেখিত কোম্পানিতে তার শেষ কর্ম দিবসের ৩০ দিন আগেই তিনি তার হিসাবটি বন্ধ, সমাপ্তি বা অন্য কোন পদক্ষেপের জন্য ইবিএল- কে অবহিত করবেন।

২. গ্রাহক এতদ্বারা ইবিএল কে ক্ষমতা প্রদান করেছেন যে, যদি তিনি উপরোক্ত প্রকারে ইবিএল কে অবহিত করতে ব্যর্থ হন তাহলে ইবিএল তার হিসাবটি সাধারন সেভিংস একাউন্টে রূপান্তর করার, যে কোন ধরনের লেনদেন এবং/অথবা, ব্যাংকিং সুবিধা বা ঋণ সুবিধা নিজস্ব বিবেচনার ভিত্তিতে স্থগিত/ বাতিল করার অধিকার রাখে , যদি না প্রযোজ্য আইন এবং/অথবা বাংলাদেশ ব্যাংকের নির্দেশিকার ভিন্নরূপ হয়।

৩. গ্রাহক এতদ্বারা সম্মত, নিশ্চিত এবং অঙ্গীকার করেন যে উপরোক্ত প্রকারে তার হিসাবটি স্থগিত বা বন্ধ করার পর বা গ্রাহকের ঋণ সুবিধা (যদি থাকে) বাতিল করার পরবর্তীতে উক্ত হিসাবে উপস্থাপিত যে কোন ধরনের লেনদেনই বাতিল করার অধিকার ইবিএল এর থাকবে।

4. Upon such closure of accounts and/or cancellation of loan facility, the Customer shall forthwith return, with a view to destroy, all deposit advices, unused Cheques, cards and all other items or documents which have been provided by EBL for operation of his/her account, and/or availing facilities from EBL.

৪. উক্ত রূপে হিসাবটি বন্ধ বা ঋণ সুবিধা বাতিলের পর , গ্রাহক অবিলম্বে সমস্ত জমা ভাউচার, অব্যবহৃত চেক, কার্ড এবং অন্যান্য অন্যান্য সকল আইটেম বা নথি যা ইবিএল গ্রাহককে হিসাব পরিচালনার জন্য বা ঋণ সুবিধার জন্য প্রদান করেছিল, সেগুলো বাতিল করার জন্যে গ্রাহক ফেরত প্রদান করবে।

5. The Customer shall pay the full outstanding amount of any loan/finances including but not limited to the outstanding amount of any overdraft under any facility granted by EBL, accrued interest, overdue payments, panel charges, applicable fees and charges etc. of the Bank

৫. গ্রাহক তার সকল ঋণ/অর্থের সম্পূর্ণ বকেয়া পরিমাণ অর্থ, ওভারডিউ পেমেন্ট, অর্জিত সুদ, প্যানেল চার্জ, প্রযোজ্য ফি এবং চার্জ ইত্যাদি পরিশোধ করবে।

6. Notwithstanding such closure/suspension of the account, the Customer shall remain liable for all amounts owing (whether actually or contingently) in respect of any outstanding facilities together with all related charges thereunder upon demand of EBL.

৬. হিসাবটি বন্ধ বা স্থগিত সত্ত্বেও গ্রাহক ইবিএল এর প্রাপ্য সকল বকেয়া পাওনা (বর্তমান ও সম্ভাব্য) প্রযোজ্য সুদ ও চার্জ সমেত চাহিবামাত্র পরিশোধ করতে বাধ্য থাকবে।

7. The Customer hereby agrees and confirms that EBL reserves the right to amend the terms and conditions at any point of time without any notification.

৭. গ্রাহক এতদ্বারা সম্মতি, নিশ্চয়তা এবং অঙ্গীকার প্রদান করছে যে, ইবিএল যে কোন সময় কোন বিজ্ঞপ্তি ছাড়াই অত্র নিয়ম ও শর্তাবলী সংশোধন করার অধিকার সংরক্ষণ করে।

## Important গুরুত্বপূর্ণ

1. Cardholder has to call the Contact Center immediately in the event of a Phone theft/lost or Card theft /lost and stop the e -commerce transaction service to avoid any fraudulent activity. EBL will not take responsibility of any transaction if the customer fails to inform the authority in such cases.
   গ্রাহকের ফোন চুরি হলে/ হারালে, কার্ড চুরি হলে/ হারালে বা ই-কমার্স লেনদেন সেবা বন্ধের জন্য অতিসত্বর কন্ট্যাক্ট সেন্টারে ফোন করে জানাবেন। গ্রাহক সঠিক সময়ে জানাতে ব্যর্থ হলে সেই সময়ে সংঘটিত কোনো লেনদেনের জন্য ইবিএল দায়ী থাকবে না।
2. EBL will not be liable for any interruption in the service due to the disruption in mobile phone networks.
   মোবাইল নেটওয়ার্ক-এ কোনো প্রকার গোলযোগের কারণে কার্ড-সেবা ব্যাহত হলে তার জন্য ইবিএল দায়বদ্ধ থাকবে না।
3. Ensuring cardholder data security to online usage is completely cardholder responsibility.
   অনলাইন লেনদেনে তথ্যের নিরাপত্তা রক্ষা করা সম্পূর্ণরূপে গ্রাহকের দায়িত্ব।
4. If you are using fund from your RFCD/ FC account, please inform EBL through contact center for necessary activation.
   আরএফসিডি/এফসি অ্যাকাউন্টের ফান্ড ব্যবহারের জন্য কন্ট্যাক্ট সেন্টারের মাধ্যমে ইবিএলকে জানাতে হবে।

## DECLARATION for DIGITAL BANKING ENROLLMENT ডিজিটাল ব্যাংকিং এনরোলমেন্ট -এর ঘোষণা

I/we confirm that I/we have read and understood the terms & conditions governing EBL Digital Banking services (as applicable) mentioned at Eastern Bank PLC. official website and agree to comply with the same. I/we also confirm that I/we have read and understood the bank's schedule of fees and charges and unconditionally accept the same. I/we shall be solely responsible for any instruction/transaction done through EBL Digital Banking channels using my ID and PIN/Password in the accounts mentioned in the form. I/we authorize EBL to debit my/our account for any fees and charges, if applicable, to get the digital banking services.

আমি/আমরা নিশ্চয়তা দিচ্ছি যে আমি/আমরা ইবিএল ডিজিটাল ব্যাংকিং সেবা সংক্রান্ত শর্তাবলী (যেখানে প্রযোজ্য) ইস্টার্ন ব্যাংক পিএলসি. এর অফিসিয়াল ওয়েবসাইট থেকে যথাযথভাবে পড়েছি এবং অনুধাবন করেছি এবং উল্লেখিত শর্তাবলী পরিপূর্ণভাবে মেনে চলার অঙ্গীকার করছি। আমি/আমরা আরও নিশ্চয়তা দিচ্ছি যে, আমি/আমরা ব্যাংকের ফি এবং চার্জ এর তালিকা/বিবরনাদি ও যথাযথভাবে পড়েছি এবং বিনা শর্তে এগুলো মেনে নিচ্ছি। আমার আইডি এবং পিন/পাসওয়ার্ড ব্যবহার করে ফর্মে উল্লেখিত একাউন্ট সমূহে ইবিএল ডিজিটাল ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে (যে কোন ব্যক্তি দ্বারা বা যে কোন পন্থায়) প্রদত্ত নির্দেশের কারনে যে কোন ধরনের লেনদেনের জন্য আমি/আমরা এককভাবে দায়ী থাকবো। ডিজিটাল ব্যাংকিং সেবা পেতে এ সংক্রান্ত ফি ও চার্জ (যেখানে প্রযোজ্য)-এর জন্য আমার/আমাদের একাউন্ট ডেবিট করার জন্য আমি/আমরা ইবিএল-কে ক্ষমতা প্রদান করছি।

## DISCLAIMER (বিশেষ দ্রষ্টব্য)

If any confusion arises between Bangla & English version of the text mentioned above, the Bangla version shall be deemed as correct.
উপরে উল্লেখিত বাংলা এবং ইংরেজী সংস্করণের (টেক্সট এর) মধ্যে কোনো ধরণের বিভ্রান্তির উদ্ভব হলে বাংলা সংস্করণের (টেক্সট) গুলো সঠিক হিসাবে গণ্য হবে।


Eastern Bank PLC.
100 Gulshan Avenue, Dhaka-1212, Bangladesh
Tel : (PABX) + 88-02-55069017-18, IP : +88-09666777325, E-mail : info@ebl-bd.com, Web : www.ebl.com.bd